सत्यमेव जयते

Ministry of Corporate Affairs
Government of India

# মূলধনী বাজারের সূচনাকারী পথনির্দেশক



ভারত বিনিয়োগ সপ্তাহ
জুলাই ১২-১৭, ২০১০

বর্ষব্যাপী বিনিয়োগকারী সচেতনতা অভিযান

*Published by*

THE INSTITUTE OF
Company Secretaries of India
IN PURSUIT OF PROFESSIONAL EXCELLENCE
Statutory body under an Act of Parliament

Editor :
**Prithvi Haldea**
PRIME Database

Under the aegis of Investor Education and Protection Fund.

सत्यमेव जयते

Ministry of Corporate Affairs
Government of India

# মূলধনী বাজারের সূচনাকারী পথনির্দেশক



ভারত বিনিয়োগ সপ্তাহ
জুলাই ১২-১৭, ২০১০


বর্ষব্যাপী বিনিয়োগকারী সচেতনতা অভিযান

***Published by***

THE INSTITUTE OF
**Company Secretaries of India**
IN PURSUIT OF PROFESSIONAL EXCELLENCE
Statutory body under an Act of Parliament

सत्यमेव जयते

Ministry of Corporate Affairs
Government of India
Shastri Bhawan, New Delhi-110 001



# MESSAGE

The Ministry of Corporate Affairs has decided to mainstream the investor awareness program as a national agenda during the current financial year. For this purpose, we have partnered with a number of institutions who will be organizing more than 3,000 investor programmes throughout the country during the current financial year. We are also organizing the 'India Investor Week' during July 2010 with the theme 'Informed investor – an Asset to Corporate India'. The Ministry is bringing out a comprehensive investor guide on this occasion which will help the aam aadmi desirous of making investments to understand their rights and responsibilities as well as various investment instruments along with their associated risks and returns. I am sure that the publication of this Book will be a significant step in spreading awareness on investor issues and will help in integrating the common man into the corporate economy of the country.

Salman Khurshid
Minister of State (I/C) for
Corporate Affairs

सत्यमेव जयते

Ministry of Corporate Affairs
Government of India
Shastri Bhawan, New Delhi-110 001



# MESSAGE

With a view to convert the investor education and awareness programme of the Ministry into a mass movement, it has been decided to upscale this initiative in a big way and to bring a number of organizations as partners in this area. In order to educate the investors in an easy to understand manner, the Ministry has decided to bring out a book that provides lucid information on various investment instruments and the rights and responsibilities associated with each one of them. The publication of this book will help in encouraging a much larger number of common people to participate in the corporate economy. This will be a small contribution by the Ministry of Corporate Affairs towards the national agenda of inclusive growth. I am sure that a large number of investors – existing and potential – will benefit from the content of this Book which has been edited by Shri Prithvi Haldea, a noted expert on the subject.

R. Bandyopadhyay
Secretary,
Ministry of Corporate Affairs

# বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষা ফান্ড
## (Investor Education and Protection Fund)

বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষা ফান্ডটি (আই ই পি এফ) বিনিয়োগকারীদের সচেতন-সজাগ এবং সুরক্ষার স্বার্থে 1956 সালের কোম্পানী আইনের আওতায় প্রতিষ্ঠিত হয়েছে। আই ই পি এফ-এর অন্তর্গত কার্যাবলীর মধ্যে — বিভিন্ন সেমিনার এবং মিডিয়ার মাধ্যম দিয়ে বিনিয়োগকারীদের শিক্ষিত এবং তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। বিনিয়োগকারীদের শিক্ষা সচেতনতা ও সুরক্ষার জন্য বিভিন্ন প্রকল্পে আর্থিক সাহায্য দেওয়া হয়। এই উদ্দেশ্যে আই ই পি এফ তিনটি ওয়েবসাইট বহন করে চলেছে।

### বিনিয়োগকারী সম্পর্কিত আই ই পি এফ-এর ওয়েবসাইট

- **iepf.gov.in**

এই ওয়েবসাইটটি ক্ষুদ্র বিনিয়োগকারীদের মূলধনী বাজার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-সম্পদ ক্ষুদ্র বিনিয়োগকারীর ভাষায় পরিবেশন করে।

এই ওয়েবসাইটটিতে বর্তমানে IPO-তে বিনিয়োগ, মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ, শেয়ার ক্রয়-বিক্রয়, ডিপজিটরি অ্যাকাউন্ট, ঋণের বাজার, ডেরিভেটিভস মার্কেট, সূচকসহ, সূচক ফান্ড, বিনিয়োগকারীদের অভাব অভিযোগ (স্টক এক্সচেঞ্জ), বিনিয়োগকারীদের অধিকার ও কর্তব্য এবং কি করবেন বা কি করবেন না এই সংক্রান্ত বিষয়ে তথ্য থাকে।

এই ওয়েবসাইটটি বর্তমানে ইংরেজী, হিন্দি ও 12টি প্রধান আঞ্চলিক ভাষায় দেখা যায়।

- **watchoutinvestors.com**

জাল-জুয়াচুরির বিরুদ্ধে আত্মরক্ষাই হল বড় কবচ। জুয়াচুরি কোম্পানি/নীতি ভঙ্গকারী কোম্পানি মধ্যস্থতাকারী এবং ব্যক্তিবর্গের বিরুদ্ধে পৃথিবীর মধ্যে প্রথম এই ধরনের ওয়েবসাইটটি বিনিয়োগকারীদের আত্মরক্ষার একটি হাতিয়ার হিসেবে স্থান পেয়েছে। এই ওয়েবসাইটটি বর্তমানে একটি জাতীয় নিবন্ধীকৃত প্রতিষ্ঠান হিসেবে পরিচিত হয়েছে।

---

মূলধনী বাজারের সূচনাকারী পথনির্দেশক বইটির বাংলা অনুবাদক **ড. আশিসকুমার সানা**, অধ্যাপক, বাণিজ্য বিভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয়

এই ওয়েবসাইটটিতে বিনিয়োগকারীরা দ্রুত, দক্ষতার সাথে এবং বন্ধুরমতো ব্যবহার করতে পারে। এটি নতুন বিনিয়োগের পূর্বে বিভিন্ন কোম্পানি অথবা প্রতিষ্ঠানের নানাবিধ তথ্য ও পোর্টফোলিও সম্পর্কে তথ্য সরবরাহ করে।

31শে মে 2010 পর্যন্ত 1,06,000 শাস্তিপ্রাপ্ত নীতিভঙ্গকারী কোম্পানির/প্রতিষ্ঠানের নাম এতে নথিবদ্ধ হয়েছে। এর মধ্যে 72,517টি কোম্পানি/ফার্ম এবং 33,947 জন্য ব্যক্তিও অন্তর্ভুক্ত। বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থাগুলি এই সংক্রান্ত অর্ডার পাশ করেছে তার মধ্যে BSE, CDSL, CLB, DRT, EPFO, IRDA, MCA, NHB, NSDL, NSE, RBI, ROC এবং SEBI।

কয়েক লক্ষ বিনিয়োগকারী এই ওয়েবসাইটটি ব্যবহার করে চলেছে (31শে মে, 2010 পর্যন্ত 27 লক্ষেরও বেশি)।

- **investorhelpline.in**

এই ওয়েবসাইটটিতে বিনামূল্যে একই ছাদের তলায় বিনিয়োগকারীরা বিভিন্ন বিষয়ে তাদের অভিযোগ বিভিন্ন কর্তৃপক্ষ যেমন কোম্পানি বিষয়ক মন্ত্রক (Ministry of Company Affairs), কোম্পানি নিবন্ধক (Registrar of Companies), ভারতীয় সিকিউরিটিজ এবং এক্সচেঞ্জ বোর্ড (Securities and Exchange Board of India) এবং ভারতীয় রিজার্ভ ব্যাংকের (Reserve Bank of India) কাছে পৌঁছে দিতে পারে। এই ওয়েবসাইটের মাধ্যমে অভিযোগও লিপিবদ্ধ করা হয় এছাড়া কোম্পানি ও তৎসংশ্লিষ্ট নিয়ন্ত্রক প্রতিষ্ঠানগুলির দ্বারা প্রতিকারও করা হয়। বিনিয়োগকারীরা অনলাইনে মূলধনের বাজার এবং কোম্পানি জমা সম্পর্কে তাদের অভিযোগ দায়ের করতে পারে এবং একই সাথে অভিযোগের প্রতিকার কতদূর অগ্রসর হয়েছে তাও জানতে পারে। বৃহৎ অংশের বিনিয়োগকারীরা এই সুবিধা গ্রহণ করছে।

## বিনিয়োগ সম্পর্কে সম্পাদকের 20টি মন্ত্র (Editor’s 20 Mantras)

- সঞ্চয় করুন বিচক্ষণতার সাথে।
- বিনিয়োগ করুন বুদ্ধিমত্তার সাথে।

**বিনিয়োগ**

- বিনিয়োগ করা বাধ্যতামূলক
- আপনাকে বিনিয়োগ করতে হবে নতুবা আপনার সঞ্চয়ের মূল্যের অবচয় হবে অথবা আপনার ক্রয়ক্ষমতা হ্রাস পাবে।

- তথাপি, অমনোযোগী বা বেহিসেবী বিনিয়োগ করা আপনার সম্পদের পক্ষে ক্ষতিকর।

## বুদ্ধিমত্তার সাথে বিনিয়োগ করার 20টি মন্ত্র

মন্ত্র-1 ঃ যে সমস্ত কোম্পানির মূল ভিত্তি শক্ত সেখানে বিনিয়োগ করুন।

মন্ত্র-2 ঃ যত্ন সহকারে বিনিয়োগ সংক্রান্ত দলিলাদি পড়ুন।

মন্ত্র - 3 ঃ বিনিয়োগের জীবনচক্র অনুসরণ করুন।

মন্ত্র - 4 ঃ IPO তে বিনিয়োগ করুন।

মন্ত্র - 5 ঃ প্রতিটি রাষ্ট্রায়ত্ত সংস্থার IPO তে বিনিয়োগ করুন।

মন্ত্র - 6 ঃ মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ করুন কিন্তু সঠিক ফান্ড এবং স্কিম নির্বাচন করুন।

মন্ত্র - 7 ঃ বিক্রি করতে শিখুন।

মন্ত্র - 8 ঃ শুধুমাত্র নিবন্ধীকৃত মধ্যস্থতাকারীদের মাধ্যমে ক্রয় বিক্রয় করুন।

মন্ত্র - 9 ঃ সহজ মুনাফা লাভের উদ্দেশ্যে লোভের বশীভূত হয়ে বিনিয়োগ করবেন না।

মন্ত্র - 10 ঃ সংবাদমাধ্যম বা মিডিয়া বিশেষত: স্টক সম্পর্কিত বৈদ্যুতিন মাধ্যমের উপদেশ থেকে সতর্ক থাকুন।

মন্ত্র - 11 ঃ অযথা বিজ্ঞাপনের চমকে বিশ্বাস করবেন না।

মন্ত্র - 12 ঃ স্থায়ী/নিশ্চিত প্রাপ্তি প্রকল্পের ব্যাপারে সতর্ক থাকুন।

মন্ত্র - 13 ঃ গ্রে মার্কেট প্রিমিয়া (Grey Market Premia) থেকে সতর্ক থাকুন।

মন্ত্র - 14 ঃ সেক্টর ভিত্তিক কোম্পানীর ফলাফলে অযথা উল্লসিত হয়ে বিনিয়োগ করবেন না।

মন্ত্র - 15 ঃ IPO গ্রেডিং বা স্বাধীন পরিচালকের মতামতের উপর বেশী নির্ভর করবেন না।

মন্ত্র - 16 ঃ কোম্পানীর হিসাব নিরীক্ষিত শুধুমাত্র এই ভেবেই অন্ধের মত কোন সিদ্ধান্ত নেবেন না।

মন্ত্র - 17 ঃ সস্তার শেয়ার কেনা মানেই যে আপনি লাভবান হবেন এমন ভাবনা অমূলক।

মন্ত্র - 18 ঃ যে সমস্ত কোম্পানীর প্রোমোটারেরা শেয়ার/ওয়ারেন্ট নিজেদের কাছেই বিলি করে তাদের ব্যাপারে সতর্ক থাকুন।

মন্ত্র - 19 ঃ কর্পোরেট গর্ভনেন্স পুরস্কার/CSR এর দ্বারা অযথা প্রভাবিত হবেন না।

মন্ত্র - 20 ঃ সৎ পথে থেকে বিনিয়োগ করুন।

# বিনিয়োগকারীদের অধিকার
# [Rights of Investor]

## মূলধনের বাজার (Capital Market)

মূলধনের বাজার হল লগ্নিপত্রের (Securities) বাজার (ইক্যুইটি এবং ঋণ) যেখানে কোম্পানি এবং সরকার দীর্ঘমেয়াদী অর্থ সংগ্রহ করতে পারে। শেয়ার বাজার (Secondary Market) এই লগ্নিপত্রের ক্রয় বিক্রয়ের প্লাটফর্ম তৈরী করে দেয়। নিয়ন্ত্রক হিসেবে SEBI এবং RBI এই বাজার নিয়ন্ত্রণ করে এবং এই বাজারের যথাযথ উন্নয়ন হচ্ছে কিনা তার পর্যবেক্ষন করে এবং বিনিয়োগকারীদের নিরাপত্তা দেয়।

শেয়ারহোল্ডাররা প্রকৃতপক্ষে কোম্পানির মালিক। কোম্পানি ভালোভাবে ব্যবসা করতে পারলে তারা ডিভিডেণ্ড পায় এবং তাদের মূলধনের বৃদ্ধি ঘটে। অন্যদিকে কোম্পানি যদি খারাপ ফলাফল করে তবে শেয়ারহোল্ডারদের বিনিয়োগের অংশ এমনকি সম্পূর্ণ বিনিয়োগ ঝুঁকিপূর্ণ হয় ও তারা ক্ষতিগ্রস্ত হয়।

## শেয়ারহোল্ডার হিসেবে অধিকার
## [Rights as a Shareholder]

- শেয়ার বন্টন অথবা শেয়ার কেনার জন্য উল্লিখিত সময়ের মধ্যে তারা শেয়ার পাবেন।
- বার্ষিক প্রতিবেদন যার মধ্যে উদ্ধর্তপত্র, আয়ব্যয় এবং হিসাব পরীক্ষকের রিপোর্ট থাকে সেটি শেয়ারহোল্ডাররা পাবার অধিকারী।
- যথাসময়ে তারা লভ্যাংশ বা ডিভিডেন্ট পাবেন।
- কোম্পানির অনুমোদিত সুযোগ সুবিধা যেমন রাইটস্ (Rights) বোনাস (Bonus) ইত্যাদি পাবেন।
- কোম্পানির অধিগ্রহন, শেয়ার নথিবদ্ধকরণ বাতিল অথবা শেয়ার পূনঃক্রয় হলে শেয়ারহোল্ডাররা সেই সুযোগ পেয়ে থাকেন।
- কোম্পানির সাধারণ সভায় অংশগ্রহন ও ভোটপ্রদান করতে পারেন।
- কোম্পানির রেজিস্টার্ড অফিসে বিধিবদ্ধ রেজিষ্টার পরিদর্শন করতে পারেন।

- কোম্পানির সাধারণ সভার মিনিট বই পরিদর্শন করতে পারেন এবং তার কপিও পেতে পারেন।
- জুয়াচুরির সঙ্গে যুক্ত এবং বিনিয়োগকারীর বন্ধুত্বপূর্ণ নয় এমন কোম্পানির বিরুদ্ধে অভিযোগ জানাতে পারেন এবং তার জন্য প্রতিকার চাইতে পারেন।
- যদি কোন ক্ষেত্রে কোম্পানি খেলাপি (default) হয় তাহলে তার বিরুদ্ধে দেওয়ানি ও ফৌজদারি অভিযোগ দায়ের করতে পারেন।
- যদি কোম্পানি বন্ধ হয়ে যায় তাহলে শেয়ারহোল্ডাররা অবশিষ্ট অর্থ সম্পদ পেতে পারেন।

## ডিবেঞ্চারহোল্ডার হিসেবে অধিকার
## (Rights as a Debentureholder)

- সুদ ও পরিশোধের অর্থ যথাসময়ে পাবেন।
- অনুরোধ করলে ট্রাষ্টি ডিড (Trust deed) এর কপি পেতে পারেন।
- ডিবেঞ্চারের অর্থ পরিশোধের দিনে অর্থ দিতে না পারলে CLB র কাছে আবেদন করতে পারেন।
- কোম্পানি তার ঋণ পরিশোধ করতে না পারলে কোম্পানি বন্ধ করার জন্য আবেদন করতে পারেন।
- অভিযোগের জন্য Debenture Trustee কে জানাতে পারেন।

## লগ্নিপত্র পাওয়ার জন্য ক্রেতা/বিক্রেতার অধিকার
## (Rights as a buyer/seller of securities to get)

- সর্বোত্তম দাম
- দামের প্রমাণ / ব্রোকারদের খরচ
- টাকা/ শেয়ার যথাসময়ে
- ব্রোকার অথবা ডিপজিটারির কাছ থেকে যথাসময়ে বিবরণী পাওয়ার অধিকারী।

## লগ্নিপত্রে ক্রেতা / বিক্রেতার দায়বদ্ধতা
## (Obligations as a buyer/seller of securities)

- ব্রোকার ডিপোজিটারির সাথে যথাযথভাবে চুক্তিবদ্ধ হন।

- বৈধ চুক্তিপত্র কাছে রাখুন।
- যথাসময়ে অর্থ পরিশোধ করুন।
- যথাসময়ে শেয়ার হস্তান্তর করুন।

## প্রতিকারের অধিকার (Rights of redressal)

- প্রতারণামূলক দাম
- অসাধু দালালী খরচ
- দেরিতে শেয়ার/ টাকা পাওয়া।

## বিনিয়োগকারী হিসেবে আপনার কর্তব্য (As an investor, your responsibility)

- সর্বদা খবরাখবর রাখবেন।
- সর্বদা সজাগ থাকবেন।
- নিজের অধিকার এককভাবে অথবা যৌথভাবে প্রয়োগ করবেন।

# কি করবেন এবং কি করবেন না [Do's and Don'ts]

## প্রাথমিক বাজার (Primary Market)

### কি করবেন (Do's)

✓ বিবরণপত্র (Prospectus)/ সংক্ষিপ্ত বিবরণপত্র মনোযোগ দিয়ে পড়ুন। বিশেষত

  ✓ ঝুঁকি সম্পর্কিত বিষয়
  ✓ প্রোমোটারদের পারিপার্শ্বিক অবস্থা
  ✓ কোম্পানির ইতিহাস
  ✓ বকেয়া মামলা এবং খেলাপ
  ✓ আর্থিক বিবরণী
  ✓ ইস্যুর উদ্দেশ্য
  ✓ ইস্যু প্রাইসের ভিত্তি
  ✓ আবেদন করার নির্দেশাবলী।

- ✓ যদি কোনো সন্দেহ বা সমস্যা হয়, তাহলে অফার-ডকুমেন্টে উল্লিখিত Compliance Officer এর সাথে যোগাযোগ করুন।
- ✓ যদি নির্দিষ্ট সময়ের মধ্যে আপনার Demat Account-এ টাকা জমা না পড়ে অথবা আবেদনের অর্থ ফেরৎ না পান, তখন আপনি বিলিকারী কোম্পানির Compliance Officer এর কাছে অভিযোগ দায়ের করতে পারেন এবং শেয়ার বিলি পরবর্তী লিড্- ম্যানেজারের কাছে অভিযোগ জানাতে পারেন।

**কি করবেন না [Don’ts]**

- × শেয়ার বিলিকারী কোম্পানির বা অন্য কোন ব্যক্তির দেওয়া নিহিত/বিষদ প্রতিশ্রুতির দ্বারা প্রভাবিত হবেন না।
- × পড়তি বাজারের উপর ভিত্তি করে বাজার সূচক অথবা একই শিল্পের কোনো কোম্পানির শেয়ারের অথবা একই গ্রুপের কোম্পানির দামের উপর ভিত্তি করে বিনিয়োগ করবেন না।
- × শেয়ার নথিবদ্ধ করার সাথে সাথে তার দাম বৃদ্ধির প্রত্যাশা করবেন না।

## শেয়ার বাজার/গৌণ বাজার (Secondary Market)

**কি করবেন (Do’s)**

- ✓ বিনিয়োগের পূর্বে কোম্পানির বিশ্বাসযোগ্যতা, ব্যবস্থাপনা, আর্থিক অবস্থা এবং সাম্প্রতিক তথ্য, অন্যান্য নিয়ন্ত্রণ সংক্রান্ত যে সমস্ত বিষয় প্রকাশিত হয়েছে সেগুলি দেখে নেওয়া দরকার। এই কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট, বিভিন্ন ভেণ্ডারদের ডেটাবেস, নিউজ পেপার, ম্যাগাজিন থেকে এই সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।
- ✓ সমস্ত ধরণের বিনিয়োগে ঝুঁকি থাকে। আপনার বিনিয়োগ কৌশল যেন বিভিন্ন ধরণের ঝুঁকি বহন করতে পারে সেই ধরণের বিনিয়োগ কৌশল গ্রহণ করবেন।
- ✓ বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বিনিয়োগের প্রোফাইল থেকে ঝুঁকি, প্রাপ্তি, তারল্য এবং সুরক্ষা সম্পর্কিত বিষয় মূল্যায়ণ করবেন।
- ✓ শুধুমাত্র সেবি নিবন্ধীকৃত স্টক এক্সচেঞ্জে লেনদেন করুন।
- ✓ ব্রোকারের কাছে অ্যাকাউন্ট খোলার পূর্বে নিয়মাবলী যত্ন সহকারে পড়ুন এবং প্রয়োজনীয় নিয়মাবলী মেনে চলুন (যেমন Client registration, client trade member registration)।

- ✓ "Know your client' চুক্তিতে স্বাক্ষর করুন।
- ✓ ব্রোকার/সাব্ ব্রোকার/ডি. পি কে পরিস্কার এবং স্বচ্ছ নির্দেশ দেবেন।
- ✓ প্রতিটি লেনদেন চুক্তিপত্রের মাধ্যমে করার চেষ্টা করবেন। চুক্তিপত্র পাবার সাথে সাথে সেগুলি বিস্তারিত ভাবে যাচাই করবেন, যদি কোনো সন্দেহ হয়, তাহলে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট থেকে সেগুলি পুনরায় যাচাই করবেন।
- ✓ নির্ধরিত সময়ের মধ্যে প্রয়োজনীয় মার্জিন অর্থ প্রদান করুন।
- ✓ নির্দিষ্ট সময়ের মধ্যে — বিক্রির ক্ষেত্রে শেয়ার অথবা ডিপোসিটারী স্লিপ অর্পন করুন এবং ক্রয়ের ক্ষেত্রে অর্থ পরিশোধ করুন।
- ✓ কেবলমাত্র অনুমোদিত ব্যক্তিকে দালালী অর্থ অথবা মার্জিন অর্থ দেবেন।
- ✓ মার্জিন অর্থের জন্য সহযোগী জমার (Collateral deposit) রসিদ সংগ্রহ করুন।
- ✓ ডি.পি.র কাছ থেকে প্রাপ্ত লেনদেন এবং তথ্যসংক্রান্ত বিবরণী নিরীক্ষণ করুন।
- ✓ ডি.পি.র থেকে প্রাপ্ত Delivery Instruction Slips (DIS) Book যত্ন সহকারে ব্যবহার করুন। DIS এর নাম্বার পূর্বেই ছাপানো আছে কিনা এবং Client ID নাম্বার পূর্বেই ষ্ট্যাম্প করা আছে কিনা দেখে নেবেন।
- ✓ যদি আপনি সরাসরি লেনদেন না করেন, তাহলে আপনার ডিম্যাট অ্যাকাউন্টটি Freezing করার সুযোগ নিতে পারেন।
- ✓ বিনিয়োগ সংক্রান্ত সমস্ত নথি যত্ন সহকারে রাখুন। বিনিয়োগের পূর্বে কোনো বিষয় সম্পর্কে সন্দেহ হলে প্রশ্ন করুন।

## কি করবেন না (Don'ts)

- × ঝুঁকি সম্বলিত বিনিয়োগের বিষয়টি হিসাবের মধ্যে রাখতে ভুলবেন না।
- × বাজার বহির্ভূত লেনদেন করবেন না।
- × অনিবন্ধীকৃত মধ্যস্ততাকারীদের সাথে কারবার করবেন না।
- × কোনো ধরণের অবাস্তব বা নিশ্চিত আয়ের প্রতিশ্রুতির ফাঁদে পা দেবেন না।
- × গুজব, টিপস অথবা নানা ধরণের জল্পনার ভিত্তিতে বিনিয়োগ করবেন না।
- × হঠাৎ করে লেনদেন বেড়ে যাওয়া বা শেয়ারের দাম বেড়ে যাওয়া বা গণমাধ্যমে এর পক্ষে কোনো গল্প বা আর্টিকেলের দ্বারা প্রভাবিত হয়ে আর্থিক ভাবে দুর্বল কোম্পানির শেয়ার কিনবেন না।
- × মানুষের দৌড়ানোকে/গতিকে অনুসরণ করে বিনিয়োগ করবেন না।

- × টিভি চ্যানেল, ওয়েবসাইট, এস্.এম্ এস্ প্রদত্ত উপদেশ অন্ধের মতো বিশ্বাস করে বিনিয়োগ করবেন না।
- × বন্ধুস্থানীয় বিনিয়োগকারীর চাপ অথবা যারা বিনিয়োগ থেকে মুনাফা অর্জন করেছে তাদের বিনিয়োগ থেকে অন্ধ অনুসরণ করবেন না।
- × বাজারের সময় নিয়ে ভাববেন না।
- × সরকারী এজেন্সি কর্তৃক প্রদত্ত কোম্পানির কোন বিষয়ে অনুমোদন, নিবন্ধন যার অন্য উদ্দেশ্য থাকতে পারে, তার দ্বারা প্ররোচিত হবেন না।
- × কোম্পানির আর্থিক অবস্থার বিজ্ঞাপন দেখে প্রভাবিত হবেন না।
- × গণমাধ্যম প্রচারিত কোম্পানির উন্নতি অন্ধের মতো বিশ্বাস করবেন না।
- × আপনার বিনিয়োগের Post dated cheque এর মাধ্যমে নিশ্চিত প্রাপ্তির গ্যারান্টির দ্বারা প্ররোচিত হবেন না।
- × আপনার কোনো সন্দেহ বা অভিযোগ থাকলে তার প্রতিকারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে যেতে সংকোচ বোধ করবেন না।
- × কখনোই আপনার ডিম্যাট অ্যাকাউন্টের Delivary Instruction Slip এ Blank সই করে রাখবেন না।
- × কখনোই Blank সই করা DIS আপনার D.P. বা ব্রোকারকে দেবেন না।

## ব্রোকার এবং সাব-ব্রোকারের সাথে কারবার (Dealing with Brokers and Sub-brokers)

### কি করবেন (Do's)

- ✓ একমাত্র SEBI নিবন্ধীকৃত ব্রোকার/সাব-ব্রোকারদের সঙ্গে কারবার করবেন। যাচাই করে নেবেন তাদের বৈধ SEBI নিবন্ধন সার্টিফিকেট আছে কিনা।
- ✓ কে আপনার হয়ে অর্ডার দিচ্ছে তা পরিষ্কার করে জানবেন এবং আপনার ব্রোকার/সাব-ব্রোকারকে পরিষ্কার ও স্বচ্ছ নির্দেশ দিন।
- ✓ ক্রয় বিক্রয়ের পূর্বে ব্রোকারকে ক্লায়েন্ট রেজিস্ট্রেশান ফর্ম এ সই করার জন্য প্রভাবিত করুন।
- ✓ আপনার ব্রোকার/সাব ব্রোকারের সঙ্গে কি কি শর্ত হয়েছে চুক্তিতে তা পরিষ্কার করে লিখুন।
- ✓ সই করার পূর্বে চুক্তি ও ঝুঁকি প্রকাশ দলিল মনোযোগ দিয়ে পড়ুন।

- ✓ আপনি নিশ্চিত হন যে চুক্তির প্রতিটি পাতায় আপনি সই করেছেন এবং ব্রোকার ও তার অনুমোদিত ব্যক্তিও করেছে। ঐ চুক্তিপত্রটি যারা সাক্ষী হিসেবে সই করেছে তাদের নাম ও ঠিকানা আছে কিনা দেখে নেবেন।
- ✓ লেনদেনের 24 ঘন্টার মধ্যে বৈধ চুক্তি পত্র/কনফার্মমেশন মেমো ব্যবসার জন্য দেবার ব্যবস্থা করতে প্রভাবিত করবেন।
- ✓ যখনই আপনি মূল চুক্তিপত্র পাবেন, দেখে নেবেন ব্রোকারের কাছে রাখা ডুপ্লিকেট চুক্তিপত্র / কনফার্মমেশন মেমোতে সই হয়েছে কিনা।
- ✓ প্রতিটি লেনদেন সমাপ্তির পর বিল দেওয়ার জন্য বলবেন।
- ✓ চুক্তিপত্র ব্রোকারের নাম, লেনদেনের সময় এবং নম্বর, লেনদেনের অর্থ এবং ব্রোকারের ফি পরিষ্কার করে লেখা আছে কিনা তা নিশ্চিত করবেন।
- ✓ নির্দিষ্ট সময় পর পর হিসাবের বিবরণী দেওয়ার জন্য বলবেন।
- ✓ চেক/ড্রাফ্‌ট কেবলমাত্র ব্রোকার এর ব্যবসার নামে ইস্যু করবেন।
- ✓ পরিশোধের 48 ঘন্টার মধ্যে প্রদানের রসিদ পেয়েছেন কিনা নিশ্চিত করুন।
- ✓ যদি কোন সন্দেহ বা বিবাদ দেখা যায় নির্দিষ্ট সময়ের মধ্যে মধ্যস্থতাকারী/ষ্টক এক্সচেঞ্জ/ সেবির কাছে অভিযোগ দায়ের করুন।
- ✓ স্টক এক্সচেঞ্জ/সেবি কর্তৃক প্রকাশিত নিয়ম কানুন, রেগুলেশান এবং সার্কুলার সম্পর্কে সর্বদা ওয়াকিবহাল থাকুন।
- ✓ প্রতিনিয়ত ডিম্যাট অ্যাকাউন্টে আপনার পোর্টফোলিওর অবস্থা জেনে নিন।
- ✓ কোন শেয়ার কেনার আগে নিশ্চিত হোন যে আপনার পর্যাপ্ত অর্থ আছে।
- ✓ শেয়ার বিক্রির আগে নিশ্চিত হোন যে আপনার কাছে শেয়ার আছে।

## কি কববেন না (Don’ts)

- × অ-নিবন্ধীকৃত ব্রোকার/সাব ব্রোকার অথবা মধ্যস্থতাকারীদের সঙ্গে ব্যবসা করবেন না।
- × সমস্ত শর্তাবলী না জানা পর্যন্ত কোন মধ্যস্থতাকারীর সঙ্গে চুক্তিতে যাবেন না।
- × কখনই আপনার ডিম্যাট ট্রানসাকশান স্লিপ বই ব্রোকার বা সাব-ব্রোকারের কাছে রাখবেন না।
- × যতই ব্রোকার/সাব-ব্রোকার আপনার পরিচিত হোক না কেন লেনদেন সংক্রান্ত সমস্ত নথি নিতে ভুলবেন না।

# মিউচ্যুয়াল ফান্ড (Mutual Fund)

## কি করবেন (Do’s)

✓ বিনিয়োগের পূর্বে অফার ডকুমেন্ট মনোযোগ দিয়ে পড়ুন।

✓ মনে রাখবেন মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ সর্বদা ঝুঁকিপূর্ণ সেজন্য সর্বদা লাভের আশা করবেন না।

✓ বিনিয়োগের উদ্দেশ্য ও ঝুঁকি বিচার করে কোনো স্কীমে বিনিয়োগ করুন।

✓ মনে রাখবেন কোনো স্কীমের অতীতের ভালো আর্থিক অবস্থা, স্কীমের ভবিষ্যৎ অবস্থা কেমন হবে তা সর্বদা ইঙ্গিত করে না। এমনকি অতীতের ভালো অবস্থা ভবিষ্যতে ভালো নাও থাকতে পারে।

✓ যে স্কীমে আপনি বিনিয়োগ করেছেন তার NAV-এর মূল্য সর্বদা জেনে রাখার চেষ্টা করুন।

✓ আপনার বিনিয়োগের অথবা বিক্রির একটি হিসাব বিবরণী পেয়েছেন কিনা নিশ্চিত করুন।

## কি করবেন না (Don’ts)

× কেউ আপনাকে কমিশন কিংবা কোন উপহার দিলেই কোনো স্কীমে বিনিয়োগ করবেন না।

× শুধুমাত্র মিউচ্যুয়াল ফান্ড/স্কীমের নাম দেখে কিনতে আগ্রহী হবেন না।

× শুধুমাত্র অতীতের ভালো আর্থিক অবস্থা দেখে ভবিষ্যৎ আয় ভালো হতে পারে এই প্রত্যাশায় কোন স্কীমে/মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ করবেন না।

× ভুলবেন না যে প্রতিটি বিনিয়োগই ঝুঁকি সম্বলিত।

× আপনার সন্দেহ/অভিযোগ থাকলে যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রতিকার চাইতে দ্বিধাবোধ করবেন না।

× AMFI নিবন্ধীকৃত নয় এমন কোন এজেন্ট/ব্রোকারের সঙ্গে ব্যবসা করবেন না।

# পূণঃক্রয় (Buyback)

## কি করবেন (Do’s)

✓ পূণঃক্রয় সংক্রান্ত বিশেষ সিদ্ধান্ত সম্বলিত দলিলপত্রাদি মনোযোগ দিয়ে পড়ে নিন।

- ✓ পূণঃক্রয়ের জন্য শেয়ারের দাম এবং বিগত কয়েক মাসের শেয়ারের বাজার দাম তুলনা করে দেখুন। এছাড়া কোম্পানির Earnings Per Share, Book Value যাচাই করুন এবং নির্ধারণ করুন এটি যথাযথ দামে শেয়ার পূণঃক্রয়ের জন্য অফার করা হয়েছে কিনা।
- ✓ শেয়ার ক্রয়ের জন্য আবেদনপত্রের নির্দেশাবলী মনোযোগ দিয়ে পড়ুন।
- ✓ নির্দিষ্ট সময়ের মধ্যে আপনার আবেদনপত্র কালেকশন সেন্টারে জমা হয়েছে সে বিষয়ে আপনি নিশ্চিন্ত হন।
- ✓ আপনাকে দেওয়া অফার চিঠিতে যে সমস্ত ডকুমেন্ট দিতে বলা হয়েছে তা যথাসময়ে দিয়ে দিন।
- ✓ অফার চিঠিতে যেভাবে আবেদনপত্র পাঠাতে বলা হয়েছে (পোষ্ট/ক্যুরিয়ার/হ্যান্ড ডেলিভারি/অর্ডিনারি পোষ্ট) সেভাবে পাঠিয়ে দিন।
- ✓ যথা সময়ে আপনার প্রাপ্য না পেলে মার্চেন্ট ব্যাংকারের সাথে যোগাযোগ করুন।
- ✓ যদি কোন অভিযোগ থাকে তাহলে Compliance Officer-এর সাথে যোগাযোগ করুন।
- ✓ কোম্পানি আইন ভঙ্গ করলে কোম্পানি নিবন্ধকের সাথে যোগাযোগ করুন।

## কি করবেন না (Don’ts)

- × একাধিক আবেদন পত্র জমা দেবেন না।
- × পরিষ্কার করে আবেদনপত্র পূরণ করতে ভুলবেন না।
- × একাধিক ফর্ম পূরণ করবেন না।
- × ভুল ঠিকানায় আবেদনপত্র পাঠাবেন না।
- × অফার শেষ হবার পর আবেদন করবেন না।
- × সম্পূর্ণ তথ্য দিয়ে আবেদনপত্র পাঠাতে ভুলবেন না।
- × আবেদনপত্র সই করতে ভুলবেন না।
- × কোন ধরনের ভুল/দ্বিধাগ্রস্ত তথ্য পেশ করবেন না।

# ওপেন অফারস্ (আণ্ডার টেকওভার রেগুলেশানস্)
# Open Offers (under Takeover Regulations)

## কি করবেন (Do's)

✓ অফার গ্রহণের পূর্বে সমস্ত রকমের প্রতিযোগিতামূলক অফারের সম্পর্কে আপনি ওয়াকিবহাল এবং তার রিভিশান মূল্য সম্পর্কে আপনি যে জানেন তা নিশ্চিত করুন।

✓ জাতীয় স্তরের খবরের কাগজ/সেবি ওয়েবসাইট থেকে প্রতিযোগিতামূলক অফার ও রিভিশান মূল্য মিলিয়ে নিন।

✓ মনে রাখবেন অফার চিঠিতে বৈধ অনুমোদন থাকা জরুরি।

✓ দেখে নিন এই অফারের ফলে কোম্পানি ডিলিস্টিং (delisting) হয়েছে কিনা।

✓ ডিম্যাট শেয়ারের ক্ষেত্রে অফার শেষ হবার পূর্বে নিশ্চিত করুন শেয়ার স্পেশাল ডিপজিটরি অ্যাকাউন্টে ক্রেডিট হয়েছে কিনা।

✓ অফার চিঠিতে উল্লেখিত হ্যান্ড ডেলিভারি সংক্রান্ত সময় এবং দিন মনোযোগ দিয়ে খেয়াল রাখুন।

✓ আপনার টেন্ডার গ্রহণের পূর্বে শেষ দিন পর্যন্ত অফার রিভিশানের জন্য অপেক্ষা করুন (7 দিন)।

✓ যদি আপনি আপনার শেয়ার বিক্রি করতে না চান তাহলে অফার শেষ হবার 3 দিনের মধ্যে অফারের চিঠিসহ তোলার আবেদনপত্র জমা করুন।

✓ কোম্পানির কাগজপত্র যে ধরনের সই করেছেন সেই ধরনের সই Form of Acceptance, Transfer Deed, Depository Instruction এবং Form of Withdrawal-এ হয়েছে কিনা নিশ্চিত করুন।

✓ অফার ডকুমেন্ট না পেলে সাদা কাগজে প্রয়োজনীয় তথ্য দিয়ে অফার থেকে আপনার নাম তুলে নেওয়ার জন্য জানাতে পারেন।

## কি করবেন না (Don'ts)

× আপনি যে অফার গ্রহণ করেছেন অফারের শেষ দিন পর্যন্ত অপেক্ষা করবেন না।

× যে Transfer deed পাঠিয়েছেন তাতে ক্রেতা বা হস্তান্তকারীর পূর্ণ বিবরণ দেবেন না।

× কখনো অসম্পূর্ণ আবেদনপত্র / অবৈধ দলিল জমা দেবেন না।

## যৌথ বিনিয়োগ প্রকল্প
## (Collective Investment Schemes)

**কি করবেন (Do's)**

- ✓ প্রতিষ্ঠানটি SEBI নিবন্ধীকৃত কিনা নিশ্চিত করুন।
- ✓ অফার ডকুমেন্ট মনোযোগ দিয়ে পড়ুন।
- ✓ স্কীমের অ্যাপ্রাইসাল রিপোর্ট পড়ুন।
- ✓ প্রজেক্টটি উপযুক্ত কিনা যাচাই করুন।
- ✓ প্রোমোটারদের দক্ষতা ও তাদের সম্পর্কে যাবতীয় তথ্য যাচাই করুন।
- ✓ সত্ত্বা বা প্রতিষ্ঠানের সম্পত্তির পরিষ্কার অথবা বাজারজাত মালিকানা আছে কিনা নিশ্চিত হোন।
- ✓ Collective Investment Management Company (CIMC)-র স্কীম পরিচালনার প্রয়োজনীয় সম্পদ আছে কিনা নিশ্চিত করুন।
- ✓ ক্রেডিট রেটিং/স্কীমের মেয়াদ যাচাই করুন।
- ✓ প্রতিশ্রুতি এবং একই সাথে পূর্ববর্তী স্কীমের আর্থিক ফলাফল দেখে নিন।
- ✓ CIMC আর্থিক বছর শেষ হবার 2 মাসের মধ্যে বার্ষিক প্রতিবেদন পাঠাচ্ছে কিনা নিশ্চিত করুন।
- ✓ মনে রাখবেন বিনিয়োগকারীদের আয়ের গ্যারান্টি অথবা অর্থ পরিশোধের নিশ্চয়তা সেবি দেয় না।

**কি করবেন না (Don'ts)**

- × কখনই SEBI নিবন্ধীকৃত নয় এমন CIS প্রতিষ্ঠানে বিনিয়োগ করবেন না।
- × বাজারের গুজব/বিজ্ঞাপন ও প্রতিশ্রুত আয় দেখে বিনিয়োগ করতে যাবেন না।

## ডেরিভেটিভস (Derivatives)

**কি করবেন (Do's)**

- ✓ স্টক এক্সচেঞ্জের আইন, নিয়মকানুন ও প্রকাশকরণ (Rules, Regulations and Disclosurs) ভালো করে জেনে নিন।

- ✓ নিবন্ধীকৃত ট্রেডিং মেম্বারদের সঙ্গে অথবা তার অনুমোদিত স্টক এক্সচেঞ্জের মেম্বারদের সঙ্গে ব্যবসা করবেন।
- ✓ যখন কোনো লেনদেন করবেন, নিশ্চিত হবেন যে আপনার চুক্তিপত্র অনুমোদিত ব্যক্তি দ্বারা প্রদত্ত হয়েছে।
- ✓ ব্রোকারেজ/অর্থ প্রদান/মার্জিন শুধুমাত্র ট্রেডিং মেম্বারদেরকে দেবেন।
- ✓ প্রতিটি লেনদেন যেন চুক্তিপত্রের মধ্যে দিয়ে হয় তা নিশ্চিত করুন।
- ✓ ট্রেডিং মেম্বারকে দেয় মার্জিন মানির জন্য সহযোগী জমার রসিদ সংগ্রহ করুন।
- ✓ Client-TM চুক্তি বিশদভাবে দেখুন।
- ✓ আপনার অধিকার কর্তব্য জেনে নিন।
- ✓ আপনার অবস্থানে বাজার/মার্জিন কলের ঝুঁকি সম্পর্কে অবহিত হোন।
- ✓ ট্রেডিং মেম্বারের কাছ থেকে দৈনিক ভিত্তিতে আপনার ভবিষ্যৎ অবস্থানের Mark to market margin-এর অর্থ সংগ্রহ করুন অথবা প্রদান করুন।

**কি করবেন না (Don’ts)**

- × ঝুঁকি সম্বলিত দলিল লেনদেনের পূর্বে না পড়ে না বুঝে ব্যবস্থা শুরু করবেন না।
- × কোন পণ্যের সম্বলিত ঝুঁকি এবং প্রাপ্তি না জেনে ব্যবসা শুরু করবেন না।

# ক্রয় পদ্ধতি (Purchasing Process)

**কোথা থেকে পণ্য কিনবেন (From where to purchase the products)**

- **ব্রোকার ঃ** ব্রোকাররা বিভিন্ন ধরনের পরিষেবা দেয় যেমন শেয়ার, ঋণপত্র, ডেরিভেটিভ, মিউচ্যুয়াল ফান্ড, IPO-এর ক্রয় ও বিক্রয়।
- **ব্যাংক ঃ** ব্যাংক শেয়ার, ঋণপত্র, ডেরিভেটিভ, মিউচ্যুয়াল ফান্ড, IPO সরাসরি অথবা তাদের ওয়েবসাইটের মাধ্যমে ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করে।
- **মিউচ্যুয়াল ফান্ড ঃ** প্রায় সমস্ত মিউচ্যুয়াল ফান্ডই অনলাইনে এবং সরাসরি মিউচ্যুয়াল ফান্ড ক্রয়-বিক্রয়ের সুযোগ করে দেয়।

- **স্টক এক্সচেঞ্জ ঃ** Close Ended মিউচ্যুয়াল ফান্ড স্টক এক্সচেঞ্জের মধ্যে দিয়ে ক্রয়-বিক্রয় হয় এমনকি ব্রোকারদের মাধ্যমে ক্রয়-বিক্রয় করা যায় Open Ended মিউচ্যুয়াল ফান্ডও স্টক এক্সচেঞ্জের মধ্যে দিয়ে ক্রয়-বিক্রয় করা যায়।

## শেয়ার বাজারে বিনিয়োগকারী হতে হলে পদক্ষেপ
## (Steps involved for becoming a capital market investor)

- প্রথম প্রয়োজন PAN Card। এটি সমস্ত বিনিয়োগকারীর ক্ষেত্রে বাধ্যতামূলক।
- ডিম্যাট ও ব্যাংক অ্যাকাউন্ট অবশ্যই প্রয়োজন। অর্থ গ্রহণ ও প্রদানের সুবিধার জন্য ব্যাংক অ্যাকাউন্টটি ডিম্যাট অ্যাকাউন্টের সঙ্গে সংযুক্ত করা হয়।
- পরবর্তী পদক্ষেপ হলো ব্রোকার নির্বাচন এবং KYC ফর্ম পূরণ করা এবং broker-client চুক্তি করা।
- ব্রোকার তারপর একটি একমাত্র Client ID নম্বর দেবেন, যেটি বিনিয়োগকারীর পরিচয় হিসেবে গণ্য হবে।
- এখন আপনি শেয়ার ক্রয় এবং বিক্রয়ের জন্য তৈরি হোন।

# কোন ধরনের প্রতিষ্ঠানকে কে নিয়ন্ত্রণ করে
# (Who Regulates which Type of Entity)

আর্থিক বাজারের সঙ্গে সম্পর্কিত কোম্পানি/মধ্যস্থতাকারী/পরিষেবা প্রদানকারীর একটি তালিকা নিচে দেওয়া হল। এই ধরনের প্রতিষ্ঠানসমূহকে যারা নিয়ন্ত্রণ করে তাদের নামও নিচে উল্লেখ করা হলো —

| *সত্ত্বা বা প্রতিষ্ঠানের ধরণ* | *নিয়ন্ত্রক সংস্থা* |
|---|---|
| হিসাব পরীক্ষক | ICAI / CAG |
| ব্যাংক | RBI |
| ব্যাংক-Issue Collection | SEBI |
| চিট ফান্ড | Registrar of Chit Funds |

| *সত্ত্বা বা প্রতিষ্ঠানের ধরণ* | *নিয়ন্ত্রক সংস্থা* |
|---|---|
| যৌথ বিনিয়োগ স্কীম | SEBI |
| সমস্ত রকমের কোম্পানি | MCA / ROC |
| কোম্পানি-নথিভুক্ত | MCA / ROC / SEBI / SE |
| কোম্পানি সেক্রেটারি | ICSI |
| কো-অপারেটিভ ব্যাংক | RBI |
| কস্ট অ্যাকাউন্ট্যান্টস | ICWAI |
| ক্রেডিট রেটিং এজিন্সিস | SEBI |
| কাস্টোডিয়াল পরিষেবা | SEBI |
| ডিবেঞ্চার ট্রাস্টিজ | SEBI |
| ডিপজিটরিস | SEBI |
| ডিপজিটরি পার্টিসিপ্যান্টস | SEBI / NSDL / CDSL |
| বিদেশী প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী | SEBI |
| হাউসিং ফিনান্স কোম্পানি | NHB |
| বীমার ব্রোকার / এজেন্ট | IRDA |
| বীমা কোম্পানি | IRDA |
| বিনিয়োগ ব্যাংক (মার্চেন্ট ব্যাংক) | SEBI |
| বিনিয়োগকারী অ্যাসোসিয়েশনস | SEBI |
| মিডিয়া (নিউজপেপার, ম্যাগাজিন, টিভি) | MIB |
| মিউচ্যুয়াল ফান্ড ও সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি | SEBI |
| মিউচ্যুয়াল ফান্ড ব্রোকার/এজেন্ট | AMFI / SEBI |
| নন্ ব্যাকিং ফাইনান্সিয়াল কোম্পানি | RBI |
| নিধি কোম্পানি | SEBI |

| *সত্ত্বা বা প্রতিষ্ঠানের ধরণ* | *নিয়ন্ত্রক সংস্থা* |
|---|---|
| পোর্টফোলিও ম্যানেজার | SEBI |
| রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট | SEBI |
| শেয়ার ব্রোকার | SEBI / SE |
| স্টক এক্সচেঞ্জ | SEBI |
| সাব ব্রোকার | SEBI |
| ভেন্‌চার ক্যাপিটাল ফান্ডস্ | SEBI |

# কৃতজ্ঞতা স্বীকার ও দাবি পরিত্যাগ
# (Acknowledgements & Disclaimer)


## কৃতজ্ঞতা স্বীকার (Acknowledgements)

এই পঠনের উপাদানটি তৈরী করা হয়েছে মূলত কোম্পানি বিষয়ক মন্ত্রকের ওয়েবসাইট (www.mca.gov.in), বিনিয়োগকারী শিক্ষা এবং সুরক্ষা ফান্ড (www.iepf.gov.in), SEBI (www.sebi.gov.in), NSE (www.nseindia.com), BSE (www.bseindia.com), MCX-SX (www.mcx-sx.com) এবং Prime Database (www.primedatabase.com) এবং ICAI, ICSI, ICWAI এর পাঠ্য উপাদান থেকে।


## দাবি পরিত্যাগ (Disclaimer)

এখানে যে ধরনের তথ্য পরিবেশিত হয়েছে তা মূলত তথ্য, বিভিন্ন ব্যক্তির কাছে পৌঁছে দেওয়ার জন্য এবং শেয়ার বাজার সম্পর্কে বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির জন্য। যথেষ্ট যত্নের সাথে এটি তৈরী করা হয়েছে তবে এর ভিত্তিতে যদি কোন ব্যক্তি কোন সিদ্ধান্ত নিয়ে ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন তার জন্য কোম্পানি বিষয়ক মন্ত্রক, সম্পাদক অথবা যারা এটি বন্টন করছেন তারা দায়ী থাকবেন না।

এটা মনে রাখতে হবে প্রতিনিয়ত শেয়ার বাজার সংক্রান্ত নিয়ম-কানুন পরিবর্তন হচ্ছে সেজন্য বিনিয়োগকারীরা সর্বদা সাম্প্রতিকতম আইন কানুন সম্পর্কে বিভিন্ন ওয়েবসাইট অথবা নিয়ন্ত্রক সংস্থার নিয়ম দেখে অবহিত হবেন।